অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর ক্যাথি হোচুল নিউ ইয়র্ক হেলথ এসেনশিয়াল রাইটস অ্যাক্টের অধীনে কোভিড-19 কে একটি বায়ুবাহিত সংক্রামক রোগ আখ্যা দিয়ে ঘোষণা করলেন

স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ প্রদত্ত আখ্যা কর্মচারীদের কোভিড-19 থেকে সুরক্ষা প্রদানে সহায়তা করতে সকল নিয়োগকর্তার জন্য কর্মক্ষেত্রে নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করা বাধ্যতামূলক করে

নিয়োগকর্তা এই আইন বা গৃহীত পরিকল্পনা মান্য করেনি এমন অভিযোগ দাখিল করা কর্মচারীরা আইন দ্বারা সুরক্ষিত থাকবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে হেলথ কমিশনার কোভিড-19 (COVID-19) কে নিউ ইয়র্ক হেলথ এসেনশিয়াল রাইটস অ্যাক্টের (Health and Essential Rights Act, HERO) অধীনে জনস্বাস্থ্যের জন্য সাংঘাতিক ঝুঁকিপূর্ণ একটি অতি সংক্রামক ছোঁয়াচে রোগ হিসেবে আখ্যা দিয়েছেন, যার ফলে কর্মস্থলে সংক্রমণ প্রতিরোধ করতে যেকোনো বায়ুবাহিত সংক্রামক রোগের সময় সকল নিয়োগকর্তাদের জন্য কর্মস্থলে নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করা বাধ্যতামূলক হচ্ছে। NY HERO অ্যাক্ট কোভিড-19 মোকাবেলায় কর্মস্থানের একটি বিস্তৃত ও নতুন স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষা ব্যবস্থা আবশ্যক করে। এই আইনের অধীনে, সকল নিয়োগকর্তাকে আবশ্যিকভাবে কর্মস্থানের জন্য একটি নিরাপত্তা পরিকল্পনা করতে হবে, এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ দ্বারা আখ্যায়িত সকল বায়ুবাহিত সংক্রামক রোগের জন্য তা বাস্তবায়ন করতে হবে। নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor, DOL) দ্বারা তৈরি একটি মডেল নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ করতে পারবে বা HERO অ্যাক্টের মানদণ্ড অনুসারে নিজেদের নিরাপত্তা পরিকল্পনা বানিয়ে নিতে পারে।

"যদিও আমরা আমাদের টিকার সংখ্যা বাড়িয়ে যাচ্ছি, ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াইটি শেষ হয়ে যায়নি, এবং আমাদেরকে আমাদের কর্মীদের রক্ষা করার জন্য সবকিছু করতে হবে," **গভর্নর হোচুল বলেন।** "এই উপাধি আমাদের কর্মীদের নিরাপদ রাখার জন্য সুরক্ষা ব্যবস্থা গ্রহণ এবং ভাইরাসের সাথে লড়াইয়ে আমাদের প্রচেষ্টার সমর্থন এবং স্বাস্থ্য ও নিরাপত্তার প্রচার নিশ্চিত করবে।"

HERO অ্যাক্টের উদ্দেশ্য হল ব্যবসাগুলি যাতে কোভিডের ডেলটা ভ্যারিয়েন্টের মতো বায়ুবাহিত সংক্রামক রোগের বিস্তার থেকে তাদের কর্মী ও জনগণকে রক্ষা করতে প্রটোকল ও রিসোর্স নিয়ে তৈরি থাকে তা নিশ্চিত করা।

HERO অ্যাক্টের অধীনে, স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (State Department of Health, DOH) এর সাথে আলোচনা করে ডিপার্টমেন্ট অফ লেবার (Department of Labor, DOL) একটি নতুন বায়ুবাহিত সংক্রামক রোগের এক্সপোজার প্রতিরোধ মানদণ্ড (Airborne Infectious Disease Exposure Prevention Standard), একটি মডেল বায়ুবাহিত সংক্রামক রোগের এক্সপোজার প্রতিরোধ পরিকল্পনা, এবং বায়ুবাহিত সংক্রামক রোগ প্রতিরোধে বিভিন্ন শিল্পের জন্য বিশেষায়িত মডেল পরিকল্পনা গঠন করেছে। নিয়োগকর্তাদের জন্য আরো তথ্য ও শিল্পের জন্য বিশেষায়িত টেম্পলেট DOL এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

সিনেটর মাইকেল জিয়ানারিস বলেন, "নিউ ইয়র্ক HERO অ্যাক্ট বাস্তবায়ন করে জীবন বাঁচাতে ও কর্মীদের সুরক্ষা দিতে গভর্নর হোচুল যে দ্রুত পদক্ষেপ নিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞ। এটি কার্যকর হতে অনেক বেশি সময় লেগে গেছে এবং অনেক কর্মী ইতিমধ্যে আমাদের সম্প্রদায়ের স্বার্থে তাদের স্বাস্থ্য বিসর্জন দিয়েছে, কিন্তু আমরা কর্মীদের কাজে থাকা অবস্থায় নিজেদের সুরক্ষিত রাখার উপায় দিয়ে তাদের প্রচেষ্টাকে মর্যাদা দিতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারিনেস রেয়েস বলেন, "আমাদের স্টেট পুনরায় খুলে দেওয়ার জন্য নিউ ইয়র্কবাসীরা অধীর আগ্রহে অপেক্ষা করেছে। অতি সংক্রামক কোভিড-19 ডেলটা ভ্যারিয়েন্টের বিস্তারের ফলে, ভাইরাসটিকে নিয়ন্ত্রণে রাখতে আমাদের সক্রিয় সব পদক্ষেপ নিতে হবে। দ্রুত পদক্ষেপ নিয়ে কোভিড-19 কে "অতি সংক্রামক" হিসেবে চিহ্নিত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে গভর্নরের নির্দেশের জন্য আমি তাকে সাধুবাদ জানাই। NY HERO অ্যাক্টের পূর্ণ বাস্তবায়ন কোভিড-19 এর মতো বায়ুবাহিত সংক্রামক রোগ থেকে তাদের কর্মী ও গ্রাহকদের রক্ষা করার জন্য পুরো স্টেটের ব্যবসাগুলি যাতে নিরাপত্তা প্রটোকল নেয় তা নিশ্চিত করবে।"

মারিও কিলেনতো, নিউ ইয়র্ক স্টেট আমেরিকান ফেডারেশন অফ লেবার অ্যান্ড কংগ্রেস অফ ইন্ডাস্ট্রিয়াল অরগানাইজেশন্স (American Federation of Labor and Congress of Industrial Organizations, AFL-CIO) এর প্রেসিডেন্ট, বলেন, "আমি গভর্নর হোচুলকে দৃঢ় সঙ্কল্প সিদ্ধান্ত নেওয়ার জন্য ধন্যবাদ জানাই, বিশেষ করে লেবার ডেতে কর্মীদের কোভিড-19 ও ভবিষ্যৎ সংক্রামক রোগের ঘটনা থেকে রক্ষা করার জন্য অতি জরুরি NY HERO অ্যাক্ট অভীষ্ট লক্ষ্যে প্রয়োগ করার জন্য। প্রথম দিন থেকেই গভর্নর হোচুল কর্মী জনসংখ্যার হিতে আইন ও শ্রমের (Legislature and Labor) সাথে একত্রে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন, এবং এই পদক্ষেপ সেই প্রতিশ্রুতিকে পূরণ করে।"

প্যাট কেন, নিউ ইয়র্ক নার্স অ্যাসোসিয়েশনের (New York Nurses Association) রেসিডেন্সি নার্স নির্বাহী পরিচালক, বলেন, "লেবার ডেতে NY HERO অ্যাক্টের পদক্ষেপ নিয়ে কর্মস্থানের স্বাস্থ্য ও নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ায় আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। এটি অবশেষে কোভিড-19 মহামারীর সময় আমাদের নার্স ও কর্মজীবী মানুষের নিরাপদ কাজের পরিবেশের অধিকার জারি ও রক্ষা করা নিশ্চিত করবে।"

ভিনসেন্ট আলভারেজ, প্রেসিডেন্ট, নিউ ইয়র্ক সিটি সেন্ট্রাল লেবার কাউন্সিল (New York City Central Labor Council), AFL-CIO বলেন, "আমরা যখন কোভিড ভ্যারিয়েন্টের সাথে লড়াই করে যাচ্ছি তখন তার দৃঢ় নেতৃত্ব ও কর্মীদের নিরাপদ রাখার জন্য পদক্ষেপ গ্রহণের কারণে আমরা গভর্নর হোচুলের প্রতি কৃতজ্ঞ। এই মহামারীর সময় কর্মীরা ইতিমধ্যে

অনেক বিসর্জন দিয়ে ফেলেছে, এবং এই উপাধি নিশ্চিত করবে যে আমাদের শহর ও স্টেটের জন্য অত্যাবশ্যকীয় সেবা দিতে থাকার সময় কোনো কর্মী বা তাদের পরিবারকে যেনো স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি নিতে না হয়।"

রিটেইল, হোলসেল, ও ডিপার্টমেন্ট স্টোর ইউনিয়নের (Retail, Wholesale and Department Store Union) প্রেসিডেন্ট স্টুয়ার্ট অ্যাপলবাম বলেন, "মহামারীটি যেমন আমাদের ভালো করে দেখিয়ে দিলো, কর্মস্থলের নিরাপত্তাকে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে। সকল কর্মরত নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য এই আইনে প্রদত্ত স্টেট পর্যায়ে জারি করা মানদণ্ড আমাদের প্রয়োজন। জীবিকা অর্জনের জন্য কোনো কর্মীকে তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা ত্যাগ করতে বাধ্য করা উচিত না। হেলথ কমিশনার যে কোভিড-19 কে NY HERO অ্যাক্টের অধীনে জনস্বাস্থ্যের জন্য সাংঘাতিক ঝুঁকি হিসেবে আখ্যা দিয়েছেন এই ঘোষণা দেওয়ার জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। 2021 সালের লেবার ডে উদযাপন করার এটি যথাযথ উপায়।"

টিমস্টার্স জয়েন্ট কাউন্সিল 16 (Teamsters Joint Council 16) এর প্রেসিডেন্ট টমাস জেসুয়ালডি বলেন, "মহামারীর চূড়ান্ত সময়েও আমাদের স্টেটকে সঙ্কট পার করিয়ে দিতে টিমস্টার্স এবং অন্যান্য অত্যাবশ্যকীয় কর্মীরা কাজ করে গেছে, অনেক সময় নিজেদের নিরাপদ রাখতে যা সুরক্ষা দরকার তা ছাড়াই। যখন ডেলটা ভাইরাস ছড়িয়েই যাচ্ছে এবং নিউ ইয়র্কবাসীরা কাজে ফিরে যাচ্ছে, এই আখ্যা নিশ্চিত করবে যে নিরাপদে তাদের কাজ করে পরিবারের কাছে বাড়ি ফিরে যেতে তাদের যা প্রয়োজন সেই মানদণ্ড জারি করা হবে। আমরা আমাদের অত্যাবশ্যকীয় কর্মীদের সুরক্ষা দিতে গভর্নর হোচুলের এই পদক্ষেপের জন্য সাধুবাদ জানাচ্ছি।"

বেভারলি ব্রেকম্যান, আঞ্চলিক পরিচালক, ইউনাইটেড অটো ওয়ার্কার্স রিজিয়ন 9A (United Auto Workers Region 9A) বলেন, "আজকের লেবার ডের সম্মানে, এবং কোভিড-19 মহামারীর সময় যেসব কর্মী কাজ করে যাচ্ছে তাদের জন্য NY HERO অ্যাক্ট সম্পূর্ণভাবে বাস্তবায়ন করার থেকে ভালো শ্রদ্ধা জ্ঞাপন হতে পারতো না। আমরা গভর্নর হোচুলকে নিয়োগকর্তাদের তাদের ব্যবসার প্রাণশক্তি কর্মীদের জন্য একটি নিরাপদ কাজের পরিবেশ তৈরি আবশ্যক করে যেই নেতৃত্ব দেখিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাই। শ্রমিক ও সম্প্রদায়ের গ্রুপসমূহ একত্রে কাজ করে যে NY HERO অ্যাক্ট অর্জন করেছে, তার পূর্ণ বাস্তবায়ন একটি দারুণ প্রথম ধাপ।"

নিয়োগকর্তাদের গ্রহণ করা পরিকল্পনায় বেশ কিছু নিরাপত্তা ব্যবস্থা অবশ্যই থাকতে হবে, যার মধ্যে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা, মাস্ক পরিধান করা এবং সামাজিক দূরত্বের আবশ্যকতা, কর্মস্থলে পরিষ্কার হওয়ার স্টেশন, পরিষ্কারের প্রটোকল, কোয়ারেন্টাইনের প্রটোকল, বাতাস প্রবাহের প্রযুক্তি গঠন অন্তর্ভুক্ত কিন্তু যা শুধু এগুলিতে সীমাবদ্ধ থাকবে না।

নিয়োগকর্তাদের অবশ্যই তাদের কাজের নিরাপত্তা পরিকল্পনা সকল কর্মীদের মধ্যে বিতরণ করতে হবে এবং প্রত্যেক কর্মস্থলে দৃশ্যমান ও গুরুত্বপূর্ণ একটি স্থানে টাঙ্গাতে হবে।

পাশাপাশি, HERO অ্যাক্টে কর্মীদের জন্য একটি প্রতিশোধ-বিরোধী সুরক্ষা থাকবে যা যেসব কর্মী এইসব পরিকল্পনার আবশ্যকতা মেনে চলে, পরিকল্পনার বাস্তবায়ন নিয়ে দুশ্চিন্তা রিপোর্ট অভিযোগ করে, বা কাজ করতে অপারগতা জানায় তাদের বিরুদ্ধে বৈষম্য প্রদর্শন বা কোনো বিরূপ ব্যবস্থা নেওয়া থেকে সুরক্ষা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন